দৈনিক ইত্তেফাক

তারিখ 0 5 MAR 1989
পৃষ্ঠা ২ 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# ২২ জন শিক্ষক-কর্মচারী ১৩ মাস যাবৎ বেতন পাইতেছেন না

খাগড়াছড়ি, ৪ঠা মার্চ (নিজস্ব সংবাদদাতা)—খাগড়াছড়ি সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ের ২২জন শিক্ষক কর্মচারী ১৩ মাস যাবৎ বেতন ভাতা না পাওয়ায় পরিবার পরিজন লইয়া আর্থিক অনটনের মধ্যে দিন কাটাইতেছেন। শিক্ষা মন্ত্রণালয়ের এক নির্দেশে '৮৫ সালের ১লা জানুয়ারী হইতে খাগড়াছড়ি উচ্চ বালিকা বিদ্যালয়কে সরকারীকরণের পর হইতে বিদ্যালয়ের শিক্ষক কর্মচারীদের মাসিক বেতন ভাতা পাইতে বিলম্ব হইতেছে। '৮৮ সালের ১লা জানুয়ারী হইতে '৮৯ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত মোট ১৩ মাস যাবৎ তাহারা কোন বেতন ভাতা পাইতেছেন না।

শিক্ষক কর্মচারীদের নিকট হইতে প্রাপ্ত অভিযোগে জানা যায়, শিক্ষা পরিদপ্তরে তাহাদের চাকুরী আত্মীকরণের বিষয়টি নিষ্পত্তি হইতে বিলম্ব হওয়ায় বেতন ভাতা প্রাপ্তিতে জটিলতার সৃষ্টি হইয়াছে।